

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য "তখন তোমরা আল্লাহর কাছে দু'আ করবে, তাকবীর দিবে এবং সাদাকাহ করবে" এখানে দু'আ করো দ্বারা উদ্দেশ্য হলো তোমরা সালাত আদায় করবে, কেননা সালাতকে দু'আ হিসেবে অভিহিত করা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَادْعُوا اللَّهَ وَكَبِّرُوا وَتَصَدَّقُوا أَرَادَ بِهِ فَصَلُّوا إِذِ الصَّلَاةُ تُسَمَّى دُعَاءً

### আরবী

2835 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ فَأَطَالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ فَأَطَالَ الْقِيَامَ جَدًّا ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِيَامَ وَهُوَ دُونَ الْوَيُوعَ جَدًّا ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الْقِيَامَ وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقَيَامَ وَهُو دُونَ الرَّكُوعَ وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقَيَامِ الْقَوْلِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرَّكُوعَ وَهُو دُونَ الرَّكُوعِ وَهُو دُونَ الرَّكُوعِ الْأَوْلِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِيَامِ الْقَيْلَمِ الْقَوْلِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُو دُونَ الرَّكُوعِ الْأَوْلِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الْقِيَامِ لَاللَّولِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُو دُونَ الْوَيَامِ وَهُو دُونَ الْقِيَامِ وَهُو دُونَ الْقِيَامِ وَهُو دُونَ الْقِيَامِ وَهُو دُونَ الْقِيَامِ وَهُو دُونَ الْقَيَامِ اللَّولِ ثُمَّ رَفْعَ رَأْسَهُ فَأَطَالَ الرُّكُوعَ وَهُو دُونَ الرَّكُوعِ الْأَوْلِ ثُمَّ رَفْعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الْقِيَامِ وَهُو دُونَ الْقِيَامِ وَهُو دُونَ الْقَيَامِ وَهُو دُونَ الْقَيَامِ وَلَا لَوْلِ ثُمَّ رَأُسُهُ فَأَطَالَ اللَّولِ الْمَوْلِ ثُمَّ مَلَاقًا لِ الْمَعْودِ اللَّهُ النَّاسُ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ لَا يَنْخَسَفَانِ لِمُوتِ الْقَيْلَ وَلَيْتُو فَلَا لَونَ يَا أَنْ يَرْنِي عَبِدَهُ أَن يَرْنِي عَبِدَهُ أَنْ يَالْمُ لَلْكُمُ لَصَلَوا وَتَصَالُوا وَتَصَدَّونَ مَا أَعْلَمُ لَصَعَرِكُتُمْ قَلِيلًا وَلَبَكُمُ الْمُؤْنَ مَا أَعْلَمُ لَلْكُولُولُ اللَّهُ عَلَمُ الْمُعَلِّ الْمَلْعُلُولُ الْمُؤْمُ وَلَا لِكُونَ الْمُؤْمُ الْمُؤْمِ وَالْمُؤْمُ الْمُؤْمُ وَالْمُؤْمُ وَالْمُؤُمُ اللَّهُ عُ

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2735 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))



(1077)، ((جزء الكسوف))، ((الإرواء)) (658): ق.

#### বাংলা

২৮৩৫. আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামের সময়ে একবার সূর্য গ্রহণ হলে রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়িয়ে যান। তিনি দীর্ঘক্ষন কিয়াম করেন। তারপর তিনি রুকু করেন, খুবই দীর্ঘ রুকু করেন। তারপর তিনি রুকু থেকে মাথা উত্তোলন করেন এবং দীর্ঘ কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি দীর্ঘ রুকু করেন, তবে সেটা প্রথম রুকু অপেক্ষা কম। তারপর তিনি রুকু থেকে মাথা উত্তোলন করেন অতঃপর সাজদায় চলে গেলেন এবং সাজদা করেন।

তারপর তিনি দ্বিতীয় রাকাআতের জন্য দাঁড়ান। অতঃপর তিনি কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর দীর্ঘ রুকু' করেন, তবে সেটা প্রথম রুকু' অপেক্ষা কম। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করেন এবং দীর্ঘ কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি দীর্ঘ রুকু' করেন, তবে সেটা প্রথম রুকু' অপেক্ষা কম। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করেন অতঃপর সাজদায় চলে গেলেন এবং সাজদা করেন।

তারপর বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। এগুলি কারো বেঁচে থাকা অথবা কারো মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। বরং যখন এরকম দেখবে, তখন তোমরা সালাত আদায় করবে, তাকবীর দিবে এবং সাদাকাহ করবে।

হে মুহাম্মাদের উম্মাত, আল্লাহর কসম, আল্লাহর চেয়ে অধিক আত্মর্যাদার অধিকারী আর কেউ নেই, তাঁর কোন বান্দা বা বান্দী ব্যভিচার করার ব্যাপারে।

হে মুহাম্মাদের উম্মাত, আল্লাহর কসম, আমি যা জানি তা যদি তোমরা জানতে, তবে অল্প হাসতে আর বেশি কাঁদতে।"[1]

## ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৮৬; সহীহুল বুখারী: ১০৪৪; সহীহ মুসলিম: ৯০১; নাসাঈ: ৩/১৩২-১৩৩; আবৃ দাউদ: ১১৯১; দারেমী: ১/৩৬০; বাগাবী: ১১৪২; মুসনাদ আহমাদ: ৬/১৬৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৭৭)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন